দৈনিক সংবাদ

তারিখ 26 SEP 1987
পৃষ্ঠা ... কলাম ৪



# ঢাকা বিশ্ববিদ্যালয়ে কাল মৌন মিছিল

গতকাল শুক্রবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদের সভা অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিভিন্ন আবাসিক হলের অবস্থা এবং আগামীকাল বিশ্ববিদ্যালয় খোলার পরিপ্রেক্ষিতে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। উপাচার্যের প্রারম্ভিক বক্তব্যের পর বিভিন্ন হলের প্রাধ্যক্ষ শিক্ষক সমিতির কর্মকর্তাবৃন্দ এবং

(বিঃ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## মৌন মিছিল

(১ম পাতার পর)

ছাত্র নেতৃবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন।

সভায় আগামীকাল রোববার বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক, অফিসার ও কর্মচারীদের সম্মিলিত মৌনমিছিল করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। দুপুর বারোটায় অপরাজেয় বাংলার পাদদেশ থেকে এই মিছিল শুরু হবে এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করবে।

মিছিলে অংশ নেয়ার জন্য বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র, শিক্ষক, অফিসার ও কর্মচারীদেরকে শিক্ষা পরিবেশ পরিষদের পক্ষ থেকে আহবান জানানো হয়েছে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।

## ভ্রম সংশোধনী

গত বৃহস্পতিবার রাষ্ট্রপতি কর্তৃক বাতিলকৃত বাংলাদেশ রেডক্রস সোসাইটির ম্যানেজিং বোর্ডের মেয়াদকাল ছিল, ১৯৮৭ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত।

গত বৃহস্পতিবার পরিবেশিত খবরে ভুলবশতঃ এই মেয়াদকাল ১৯৮৮-এর ৩১শে ডিসেম্বর বলে উল্লেখ করা হয়েছিল।

রাষ্ট্রপতি তাঁর নির্দেশে ১৯৮৮-এর ৩১শে ডিসেম্বর পর্যন্ত সময়ের জন্য বাংলাদেশ রেডক্রস সোসাইটির এডহক ম্যানেজিং বোর্ড গঠন করেছেন। তিনি এই সোসাইটির সভাপতি। খবর বাসস'র।